



গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

GAS TRANSMISSION COMPANY LTD. (GTCL)

(A Company of Petrobangla)

উপানুষ্ঠানিক পত্র নং: ২৮.১৪.০০০০.২৫৮.১০.১০১.২৪.৪৫


তারিখ: ১৪.০৩.২০২৪

প্রিয় সহকর্মী,

গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল) এবং বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা) এর মধ্যে স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি এর আওতায় ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন এ সেবা/অফিস ব্যবস্থাপনা সহজিকরণ/ডিজিটাইজেশনের আওতায় “ব্যবস্থাপনা পরিচালক মহোদয় এবং মহা-ব্যবস্থাপকগণের জন্য ডিজিটাল মিটিং শিডিউল ম্যানেজমেন্ট সিস্টেম” প্রবর্তনে আপনার যুগোপযোগী উদ্ভাবনী ধারণা প্রণয়ন এবং স্বল্পতম সময়ে সফলভাবে বাস্তবায়নের (<https://meeting.gtcl.gov.bd>) মাধ্যমে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ২০২৩-২৪ বছরের লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে বিধায় আপনাকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি।

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে সুশাসন সুসংহতকরণ, স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিতকরণ এবং সরকারি কর্মকাণ্ডে গতিশীলতা আনয়নে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহারের যথাযথ বাস্তবায়ন, টেকসই উন্নয়ন অর্জন ২০৩০ এর লক্ষ্যসমূহ অর্জন ও উন্নত বাংলাদেশ বিনির্মাণে ভবিষ্যতেও বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতাধীন ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন একটি অপরিহার্য অনুষ্ণা হিসেবে কাজ করবে। এ বিষয়ে নতুন নতুন উদ্ভাবনী ধারণা বাস্তবায়নে আপনার সহযোগিতা অব্যাহত রাখার জন্য অনুরোধ জানাচ্ছি।

শুভেচ্ছান্তে,

আন্তরিকভাবে আপনার

(রাবেয়া খান্নির)

উপ-মহাব্যবস্থাপক (আইসিটি)

জনাব এনায়েত কবির (আইডি নংঃ ০০৫৮৯),
উপ-ব্যবস্থাপক,
আইসিটি ডিপার্টমেন্ট।

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহা-ব্যবস্থাপক, প্লানিং ডিভিশন, গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল) ও টিম লিডার, ইনোভেশন কমিটি।
- ২) মহা-ব্যবস্থাপক, প্রশাসন ডিভিশন, গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)।
- ৩) মহা-ব্যবস্থাপক, অপারেশন ডিভিশন, গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)।
- ৪) উপ-ব্যবস্থাপক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)।